



**CONSULATE GENERAL OF THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH**

211 East, 43rd Street, Suite # 502, New York, N.Y. 10017

Tel: (212) 599-6767, (212) 599-6850, (212) 599-1874

Fax: (212) 682-9211

Email: contact@bdcgny.org Website: www.bdcgny.org

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক এর উদ্যোগে এবং বেঙ্গল গ্যালারী অব ফাইন আর্টস, ঢাকা এর সহযোগিতায় নিউইয়র্কস্হ কনস্যুলেট জেনারেল অফিসে ১৯ নভেম্বর ২০০৮ তারিখে বাংলাদেশের প্রথিতযশা চিত্রশিল্পী কাইয়ুম চৌধুরী, রফিকুন নবী, মাহমুদুল হক, ফরিদা জামান, খুরশীদ আলম সেলিম, রোকেয়া সুলতানা ও কনক চাঁপা চাকমার শিল্পকর্ম নিয়ে ২ দিন ব্যাপী একটি প্রদর্শনীর উদ্বোধন করা হয়। এতে নিউইয়র্কস্হ প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, চিত্রানুরাগী প্রবাসী বাংলাদেশীসহ জাতিসংঘের বিভিন্ন সংস্থায় কর্মরত বেশ কয়েকজন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

আগত অতিথিবৃন্দ এই প্রয়াসকে একটি মহতী উদ্যোগ হিসেবে স্বাগত জানিয়ে ভবিষ্যতেও এ ধরনের প্রদর্শনী আরও বৃহৎ পরিসরে আয়োজনের আহ্বান ব্যক্ত করেন। এ প্রয়াস প্রবাসে বাংলাদেশের শিল্প, সংস্কৃতিসহ সমগ্র দেশের ভাবমূর্তি উন্নয়নে সহায়ক হবে বলে অতিথিবৃন্দ আশাবাদ প্রকাশ করেন।

প্রদর্শনীটি ২০ নভেম্বর ২০০৮ ইং তারিখে সকাল ১০ঃ০০ টা হতে শুরু হয়ে সন্ধ্যা ৬ঃ০০ টা পর্যন্ত সবার জন্য উন্মুক্ত থাকবে।